বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
**BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD**

*ISO 9001, ISO 14001 & 45001 Certified*

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
গ্রীড ও উপকেন্দ্র এর দপ্তর
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোন: ৮৯০০৩০৯
segridssbreb@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.১৭৩.১৮.০১৮.২৫. ৫৫১

তারিখঃ ২০ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ।
০৭ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ।

**Pandit Engineering & Cross-World (JV)**
House #27 (4th floor), Road #12, Block #F
Niketon, Gulshan-1, Dhaka-1212.

বিষয়ঃ কালো তালিকাভুক্তি (Debar) করণ প্রসঙ্গে।

সূত্র: ১। স্মারক নং-২৭.১২.০০০০.১৭৩.৩১.৩৬৮.২৪.৩৪২, তারিখ-০২/০৬/২০২৪ খ্রি:।
২। স্মারক নং-২৭.১২.০০০০.১৭৩.৩১.৩৬৯.২৪.৩৪১, তারিখ-০২/০৬/২০২৪ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের প্যাকেজ নং- SE(G&SS)-33KV GIS-Maijdee Switching-Noakhali PBS ও SE(G&SS)-33KV GIS-Laksham Switching-Cumilla PBS-4 এর আওতায় মাইজদী ও লাকসাম ১৩২ কেভি গ্রিড উপকেন্দ্রের অভ্যন্তরে ৩৩ কেভি সুইচিং স্টেশনের জন্য জিআইএস ব্রেকার সরবরাহের কাজের জন্য আহ্বানকৃত দরপত্রে আপনারা অংশগ্রহণ করেন। উক্ত কাজের Specific Experience হিসেবে আপনারা **CLC Power Company Ltd.** এর 108 MW Power Plant এর অভ্যন্তরে ১১/১৩২ কেভি ২×২৫/৪৭ এমভিএ উপকেন্দ্র নির্মাণের কাজ দাখিল করেন। দাখিলকৃত সার্টিফিকেটে বর্ণিত কাজের কমিশনিং অর্থাৎ চালুর তারিখ ১৫/০৩/২০২০ খ্রি: উল্লেখ করা হয়। কিন্তু বিউবো হতে জানা যায় যে, বর্ণিত বিদ্যুৎ কেন্দ্রটি ২২-০২-২০১৭ খ্রি: তারিখে চালু হয়েছে। এতে প্রতীয়মান হয় যে, আপনারা অসত্য ও Manipulated/Fake তথ্য উপস্থাপন করেছেন।

২। এমতাবস্থায়, এ ধরণের Manipulated/Fake তথ্য সম্বলিত দরপত্র দাখিল করায় পিপিআর-২০০৮ এর বিধি ১২৭ (২) (খ) এবং সংশ্লিষ্ট টেন্ডার ডকুমেন্টের ITT Clause No-4.2 (b) অনুযায়ী প্রতারণামূলক কার্য সম্পাদন করায় আপনাদের বিরুদ্ধে পিপিআর-২০০৮ এর বিধি ১২৭ (৩) (৪) (গ) (৬) অনুযায়ী আগামী ২ (দুই) বছরের জন্য বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/পল্লী বিদ্যুৎ সমিতির (পবিস) সকল ধরণের ক্রয়কার্যে অংশগ্রহণে স্থগিতাদেশ প্রদান করা হলো।

বোর্ডের অনুমোদনক্রমে;

20/04/2025
(মোহাম্মদ আলী)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রিড ও উপকেন্দ্র)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১। সদস্য (প্রশাসন/ডিএন্ডও/পিএন্ডডি/সমিতি ব্যবস্থাপনা/অর্থ), বাপবিবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (প্রকল্প/পওপ)/নির্বাহী পরিচালক/নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পিএন্ডডি/ওএমএন্ডডি), বাপবিবো, ঢাকা।
৪। পরিচালক/প্রকল্প পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সকল দপ্তর/পরিদপ্তর/প্রকল্প অফিস, বাপবিবো, ঢাকা।
৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বিপিপিএ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রনালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭। [বিপিপিএ এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। [বাপবিবো'র ওয়েবসাইটে প্রকাশের অনুরাধসহ]
৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
৮। নির্বাহী প্রকৌশলী, সকল দপ্তর, বাপবিবো, ঢাকা।
৯। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, সকল পবিস।

20/04/2025
(সুফল চন্দ্র দে)
উপ-পরিচালক (কারিগরী)